

রাকসুর ভোটকেন্দ্র একাডেমিক ভবনে স্থানান্তরসহ ৩ দাবি গণতান্ত্রিক ছাত্র জোটের

রাবি সংবাদদাতা

প্রকাশিত: ১৮:৫৭, ১১ আগস্ট ২০২৫; আপডেট: ১৮:৫৭,
১১ আগস্ট ২০২৫



রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) নির্বাচনের ভোটকেন্দ্র হল থেকে একাডেমিক ভবনে স্থানান্তরসহ ৩ দাবিতে অবস্থান কর্মসূচি করেছে বাম ছাত্র সংগঠনগুলোর মোচা গণতান্ত্রিক ছাত্র জোট। আজ সোমবার বিকেলে এ কর্মসূচি পালন করেন তারা।

এ সময় 'সাইবার বুলিং রোধে দ্রুত নিরাপত্তা সেল কার্যকর', 'সন্ত্রাসীদের ভোটাধিকার বাতিল', 'গণতান্ত্রিক জোটের ওপর সন্ত্রাসীদের হামলার বিচার', 'অবিলম্বে ভোটকেন্দ্র হলের বাইরে স্থাপন', 'রাকসু নির্বাচনে লেভেল প্লেইং ফিল্ড নিশ্চিত' করো প্রভৃতি লেখা সম্বলিত প্ল্যাকার্ড প্রদর্শন করেন।

কর্মসূচিতে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের আহ্বায়ক ফুয়াদ রাতুল তিনটি দাবি উপস্থাপন করেন। দাবিগুলো হলো অবিলম্বে রাকসু নির্বাচনের ভোটকেন্দ্র একাডেমিক ভবনে স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ

করতে হবে, বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলে কোরআন পোড়ানো, রেজিস্ট্রারের বাসায় ককটেল বিস্ফেরণ এবং গণতান্ত্রিক ছাত্র জোটের কর্মসূচিতে হামলার ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচার নিশ্চিত করতে হবে এবং লেভেল প্লেয়িং ফিল্ড নিশ্চিত করার উদ্দেশ্যে সাইবার বুলিং রোধে কার্যকর সেল গঠন করতে হবে।

তিনি আরও বলেন, ‘ঘারা ৫ আগস্টের পূর্ববর্তী এবং পরবর্তী সময়ের বিভিন্ন হামলার সঙ্গে জড়িত, রাকসু নির্বাচনে তাদের ভোটাধিকার পুরোপুরি নিষিদ্ধ করতে হবে। আমরা দেখেছি ৫ আগস্টের পরে অনেকেই ত্রাসের রাজত্ব কায়েম করছে। এমনকি রেজিস্ট্রারের বাসায়ও ককটেল বিস্ফেরণ করা হয়েছে। নির্বাচনের পূর্বেই আমরা এই ঘটনাগুলোর বিচার চাই।’

এ সময় রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্র ইউনিয়নের সভাপতি (একাংশ) রাকিব হোসেন বলেন, ‘বিশ্ববিদ্যালয়ে গণতান্ত্রিক ছাত্র জোটের ওপর হামলা, দুর্গাপূজার ব্যানার ছিঁড়ে ফেলা-সহ নানা অগণতান্ত্রিক ঘটনা ঘটেছে, যেগুলোর কোনোটাই বিচার হয়নি। আমরা অবিলম্বে এই ঘটনার বিচার চাই। এই ঘটনার বিচারের আগে রাকসু নির্বাচন হওয়া উচিত না।’

এ সময় আরও উপস্থিত ছিলেন ছাত্র ইউনিয়নের কোষাধ্যক্ষ কায়সার আহমেদ, দপ্তর সম্পাদক আহমেদ ইমতিয়াজ সৈকত, ছাত্র গণমঞ্চের যুগ্ম সদস্য সচিব সজল কুমার, বিপ্লবী ছাত্র মৈত্রীর সাংগঠনিক সম্পাদক শাহরিয়ার আলিফ, ছাত্র ফ্রন্টের সাধারণ সম্পাদক সজীব আলী।

আফরোজা